

🔳 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯:১১

আরবি মূল আয়াত:

قُل إِنِّي أُمِرتُ أَن أَعبُدَ اللَّهَ مُخلِصًا لَّهُ الدِّينَ ﴿١١﴾

বল, 'নিশ্চয় আমাকে নির্দেশ দেয়া হয়েছে আমি যেন আল্লাহর ইবাদাত করি তাঁর-ই জন্য আনুগত্যকে একনিষ্ঠ করে'। — আল-বায়ান

বল- আমাকে আদেশ দেয়া হয়েছে আল্লাহর 'ইবাদাত করতে তাঁর আনুগত্যে একনিষ্ঠ হয়ে। — তাইসিরুল বলঃ আমি আদিষ্ট হয়েছি আল্লাহর আনুগত্যে একনিষ্ঠ হয়ে তাঁর ইবাদাত করতে। — মুজিবুর রহমান

Say, [O Muhammad], "Indeed, I have been commanded to worship Allah, [being] sincere to Him in religion. — Sahih International

১১. বলুন, আমি তো আদেশপ্রাপ্ত হয়েছি, আল্লাহর আনুগত্যে একনিষ্ঠ হয়ে তাঁর 'ইবাদাত করতে;

তাফসীরে জাকারিয়া

(১১) বল, 'আমি আদিষ্ট হয়েছি আল্লাহর আনুগত্যে বিশুদ্ধচিত্ত হয়ে তাঁর ইবাদত (দাসত্ব) করতে;

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4069

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন